

DD(ATM)  
Bangladesh

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ  
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা  
শৃঙ্খলা ও তদন্ত শাখা  
[www.caab.gov.bd](http://www.caab.gov.bd)



নথি নং-৩০.৩১.০০০০.২২১.১৪.২০৩.২০. ১৩০০

তারিখ: ১৮-০৮-২০২২ খ্রি।

AA/RD

SABAR  
22/৮/২২

বিষয়: দ্বিতীয় কারণ দর্শনো নোটিশ।

যেহেতু, আপনি জনাব অতনু কুমার তারণ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের রেডিও টেকনিশিয়ান পদে নিয়োগপ্রাপ্ত হয়ে বিগত ০১/০৭/২০২০ তারিখ চাকরিতে যোগদান করেন এবং পরবর্তীতে সিভিল এভিয়েশন একাডেমীতে প্রশিক্ষণ শেষে গত ০৯/০৬/২০২১ তারিখ কল্পবাজার বিমানবন্দর, কল্পবাজারে পদায়ন করা হলে আপনি পদায়িত দপ্তরে যোগদান করেননি;

২.০ যেহেতু, কর্মস্থলে যোগদান না করে বিনানুমতিতে অনুপস্থিত থাকায় কেন আপনার বিবুকে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না মর্মে গত ১৫/১১/২০২১ ও ০১/০৩/২০২২ তারিখ সদর দপ্তর কর্তৃক ব্যাখ্যা তলব করা হলে আপনি কর্তৃপক্ষের কোন পত্রের জবাব প্রদান না করে দীর্ঘদিন যাবৎ কর্মস্থলে অনুপস্থিত থাকেন;

৩.০ যেহেতু, দীর্ঘদিন যাবৎ কর্মস্থলে অনুপস্থিত থাকায় আপনি কর্তৃপক্ষের চাকরি ত্যাগ করেছেন মর্মে স্পষ্টতঃ প্রতীয়মান হওয়ায় এবং আপনার উক্তক্রূপ কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ১৯ (গ) বিধি অনুযায়ী ‘পলায়ন’-এর পর্যায়বৃত্ত শাস্তিযোগ্য অপরাধ বিধায় উপর্যুক্ত অপরাধে আপনার বিবুকে স্মারক নং-৩০.৩১.০০০০.২২১.১৪. ২০৩.২০.৫৪২ তারিখ: ২৪/০৫/২০২২ মূলে বিভাগীয় মামলা নং-০৬/২০২২ বুজু করা হয় এবং বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রচার করণসহ আপনার ব্যক্তিগত ই-মেইল, বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়;

৪.০ যেহেতু, বর্ণিত অভিযোগ হেতু উক্ত প্রবিধানমালার ৫০(১)(খ)(উ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” গুরুদণ্ড আরোপ করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না মর্মে অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে সরাসরি তার জবাব প্রদানসহ আপনি সশরীরে ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণে ইচ্ছুক কিনা তাও লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়;

৫.০ যেহেতু, আপনি নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব প্রদান না করায় বা ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ না করায় আপনার বিবুকে বিভাগীয় মামলার অভিযোগনামায় আনীত অভিযোগ তদন্তের সিদ্ধান্ত হলে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা অভিযোগ তদন্তগুর্বক প্রতিবেদন দাখিল করেন; এবং

৬.০ যেহেতু, আপনার স্থায়ী ঠিকানায় প্রেরিত পত্র ফেরত এসেছে এবং আপনার বর্তমান ঠিকানায় ও ই-মেইলে প্রেরিত অভিযোগনামার কোন জবাব না দেওয়ায় বিভিন্ন তথ্য উপাত্ত বিশ্লেষণ করে আপনি দীর্ঘদিন যাবৎ কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন মর্মে আপনার বিবুকে বিভাগীয় মামলার অভিযোগনামায় আনীত ‘পলায়ন’-এর অভিযোগ সুস্পষ্টভাবে তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনে প্রমাণিত হয়েছে;

৭.০ সেহেতু, তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে অভিযোগের গুরুত্ব বিবেচনায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৫০(১)(খ)(উ) বিধি মোতাবেক বেবিচক আপনাকে ‘চাকরি হতে বরখাস্তকরণ’ গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৮.০ সেহেতু, উক্ত সিদ্ধান্ত মোতাবেক কেন আপনাকে কর্তৃপক্ষের ‘চাকরি হতে বরখাস্তকরণ’ দণ্ড প্রদান করা হবে না, সে বিষয়ে প্রবিধানমালা, ২০২১ এর ৫০(৬) প্রবিধি মোতাবেক ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে কারণ দর্শনোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যথাসময়ে জবাব পাওয়া না গেলে একতরফাভাবে বিধি মোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩০৮/৮/২২  
মোঃ মিজানুর রহমান

সদস্য (প্রশাসন)  
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

৮৯০১০৬৮

জনাব অতনু কুমার তারণ

পিতা-শংকর কুমার তারণ, রেডিও টেকনিশিয়ান

বর্তমান আবাসিক ঠিকানা: ২০৩ বড়ভাট মসজিদ, লালবাগ, আজিমপুর, ঢাকা।

স্থায়ী ঠিকানা: গ্রাম ও ডাকঘর-গারখাজুরা, উপজেলা-মনিরামপুর, জেলা-যশোর।

বিতরণ:

- ১। পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (পত্রটি সিএএবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। পরিচালক (সিভিল এভিয়েশন একাডেমি), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা (পত্রটি সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত ই-মেইল, WhatsApp (যদি থাকে) নম্বরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রয়াণক প্রশাসন বিভাগে প্রেরণের জন্য)।
- ৩। চেয়ারম্যানের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।